চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম-৬ মার্চ ২০১৭ খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশন শিক্ষা বিভাগের সেবক প্রয়াত সুনীল মল্লিকের ছেলে ও স্ত্রীর হাতে অনুদানের চেক তুলে দিলেন সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন দায়িত্ব গ্রহণের পর থেকে অস্থায়ী কর্মকর্তা-কর্মচারীদের মৃত্যুজনিত কারণে এককালিন অনুদান হিসেবে ২ লক্ষ টাকা প্রদানের সিদ্ধান্ত দেন। তারই আলোকে ৬ মার্চ ২০১৭ খ্রি. সোমবার, দুপুরে মেয়র দপ্তরে চট্টগ্রাম সিটি কর্পোরেশন শিক্ষা বিভাগের সেবক প্রয়াত সুনীল মল্লিকের ছেলে নয়ন মল্লিক ও স্ত্রী গীতা মল্লিকের হাতে ২ লক্ষ টাকার অনুদানের একটি চেক তুলে দেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। এ সময় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কাউন্সিলর ও উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম-৬ মার্চ ২০১৭ খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের আধুনিক খাদ্য পরীক্ষাগারকে স্বীকৃতি প্রদান করল গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের খাদ্য মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের খাদ্য মন্ত্রণালয় (সংস্থা প্রশাসন শাখা) প্রশাসন-২ অধিশাখার উপ সচিব আহমেদ ফয়সল ইমাম তারিখ: ২৯ নভেম্বর ২০১৬ খ্রি. স্মারক নং-১৩.০০.০০০০.০২২.০৪.০০২.১৪-৬৩০/১(১) অফিস আদেশে চট্টগ্রাম সিটি কর্পোরেশন নির্মিত আধুনিক পরীক্ষাগারকে স্বীকৃতি প্রদান করেছে। ৬ মার্চ ২০১৭ খ্রি. সোমবার দুপুরে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. সেলিম আকতার চৌধুরী এ সংক্রান্ত একটি অফিস আদেশ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীনের নিকট তুলে দেন।

চট্টগ্রাম-৬ মার্চ ২০১৭ খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত
৯ টি শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা কমিটির সভা অনুষ্ঠিত

৬ মার্চ ২০১৭ খ্রি. সোমবার, সকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কে বি আবদুচ ছত্তার মিলনায়তনে সিটি মেয়র ও শিক্ষা প্রতিষ্ঠান সমূহের পরিচালনা কমিটির সভাপতি আ জ ম নাছির উদ্দীন এর সভাপতিত্বে চসিক পরিচালিত মিউনিসিপ্যাল মডেল স্কুল এন্ড কলেজ, পাথরঘাটা সিটি কর্পোরেশন মহিলা মহাবিদ্যালয়, কদম মোবারক সিটি কর্পোরেশন উচ্চ বিদ্যালয়, শহীদ নগর সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয়, জুলেখা আমিনুর রহমান সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয়, হালিশহর আহমদ মিয়া সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয়, পশ্চিম মাদারবাড়ী সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয়, পাঠানটুলী থান সাহেব সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয়, ইমারাতুন্নেসা সিটি কর্পোরেশন কিন্ডার গার্টেন সহ ৯টি শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় বিগত পরিচালনা কমিটির সভার কার্যবিবরণী অনুমোদন এবং আলোচ্য সূচীর উপর আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়। সভার সভাপতির বক্তব্যে সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, শিক্ষকরা হচ্ছেন জাতির বিবেক। মানুষ গড়ার দক্ষ কারিগর। একমাত্র শিক্ষার মাধ্যমে গড়ে উঠতে পারে দায়িত্বশীল সুনাগরিক,উন্নত দেশ ও মর্যাদাশীল জাতি। মেয়র সিটি কর্পোরেশন পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে শিক্ষার হার ও মান বৃদ্ধির জন্য পরিচালনা

কমিটি ও শিক্ষকদের আন্তরিক হওয়ার পরামর্শ দেন। সভায় ২৩ নং ওয়ার্ড কাউন্সিলর মোহাম্মদ জাবেদ, প্রধান শিক্ষা কর্মকর্তা মিসেস নাজিয়া শিরিন, শিক্ষা কর্মকর্তা মো. সাইফুর রহমান এবং পরিচালনা কমিটির সদস্য ও সদস্য সচিব সহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম-৬ মার্চ ২০১৭ খ্রি.

সিটি মেয়রের সাথে চকবাজার ওয়ার্ডস্থ পূর্ব কাপাসগোলা মহল্লা কমিটির নব নির্বাচিত সদস্যদের মতবিনিময়

চকবাজার ওয়ার্ডস্থ পূর্ব কাপাসগোলা মহল্লা কমিটির নব নির্বাচিত সদস্যবৃন্দ ৬ মার্চ ২০১৭ খ্রি. সোমবার, বিকেলে নগরভবনের মেয়র দপ্তরে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন এর সাথে মতবিনিময় করেন। মতবিনিময়কালে মহল্লা সর্দারবৃন্দ তাদের মহল্লার সামাজিক নিরাপত্তা, শৃংখলা, সামাজিক দায়বদ্ধতার বিভিন্ন দিক মেয়রকে অবহিত করেন। মতবিনিময়ে মেয়র আ জ ম নাছির উদ্দীন মহল্লার দায়িত্বশীলদের নাগরিক সেবায় সহযোগিতা কামনা করে বলেন, হোল্ডিং ট্যাক্সের উপর চট্টগ্রাম সিটি কর্পোরেশনের যাবতীয় সেবা ও উন্নয়ন কার্যক্রম পরিচালিত হয়। তিনি বলেন, সকলের জন্য বাসোপযুগি নগরী গড়ার প্রত্যয় থেকে বর্জ্য ব্যবস্থাপনায় আমুল পরিবর্তন আনা হয়েছে। ক্লিন ও গ্রিন সিটির ভিশন বাস্তবায়নের কার্যক্রম চলমান আছে। আশা করা যাচ্ছে নির্ধারিত সময়ের মধ্যে চট্টগ্রামকে একটি মডেল নগরীতে পরিণত করা সম্ভব হবে। মতবিনিময়ে মহল্লা কমিটির সভাপতি সফিকুল হক চৌধুরী, সাধারন সম্পাদক মো. নুরুল হুদা বাচা, মো. ইউসুফ, মো. সেকান্দর, মো. রনজু মিয়া, মো. হামিদুর রশিদ, মো. ইলিয়াছ, মো. আবু ইউসুফ, মো. কামাল উদ্দিন-১, মো. কামাল উদ্দিন-২, নুরুল হাসান টিপু, আবু ছিদ্দিক চৌধুরী, মো. আরিফ, মো. আনু মিয়া, মো. শাহিন, এস এম নুর উদ্দিন সহ কমিটির নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম-৬ মার্চ ২০১৭ খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পরিচ্ছন্ন বিভাগের সমন্বয় সভায় মেয়র আ জ ম নাছির উদ্দীন

৬ মার্চ ২০১৭ খ্রি. সোমবার, বিকেলে নগরভবনের কেবি আবুদচ ছত্তার মিলনায়তনে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পরিচ্ছন্ন বিভাগের কর্মকর্তা ও কর্মচারীদের সমন্বয় সভায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, পরিচ্ছন্ন বিভাগের কার্যক্রমের উপর নির্ভর করে পরিচ্ছন্ন নগরী। এ বিভাগের সেবক,দলপতি, সুপারভাইজার,পরিদর্শক,তত্বাবধায়ক,পরিচ্ছন্ন কর্মকর্তা ও প্রধান পরিচ্ছন্œ কর্মকর্তা সকলের সম্মিলিত প্রয়াস ও আন্তরিকতার মাধ্যমে পরিচ্ছন্ন নগরীর ভিশন শতভাগ বাস্তবায়ন সম্ভব। কোন ধরনের অবহেলা,গাফিলতি বা অনিয়ম এর কারনে সুনাম ক্ষুন্ন হলে কোন কর্মকর্তা কর্মচারী রেহাই পাবে না। তিনি বিকেল ৩ টা থেকে রাত ১১ টা পর্যন্ত ডোর টু ডোর বর্জ্য সংগ্রহ কার্যক্রম, নালা থেকে আবর্জনা উত্তোলন ও অপসারন, রাত ১০ টা থেকে ভোর ৬ টা পর্যন্ত রাস্তাঘাট ঝাড়- দেয়ার নির্ধারিত সিডিউল এর কোন ধরনের ব্যত্যয় হতে পারবেনা। নির্ধারিত সময়ের মধ্যে সকল সেবক, শ্রমিক,ভ্যানগাড়ী চালক,ঝাড়-দার ও সংশ্লিষ্টদের দায়িত্ব পালন করতে হবে। দলপতি,সুপার ভাইজার, পরিদর্শক, তত্বাবধায়ক ও কর্মকর্তা সকলকে নির্দিষ্ট সময় পর্যন্ত দায়িত্ব পালন করতে হবে। এ বিষয়গুলো মেনে চলেই চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পরিচ্ছন্ন বিভাগ পরিচালিত হবে। মেয়র বলেন, অস্থায়ী কর্মকর্তা ও কর্মচারীদের সুযোগ সুবিধার বিষয়গুলো বিধি বিধান অনুযায়ী পুরণ করা হবে। সমন্বয় সভায় বর্জ্য ব্যবস্থাপনা স্থায়ী কমিটির সভাপতি কাউন্সিলর শৈবাল দাশ সুমন সভাপতিত্ব করেন। এতে ৭ নং ওয়ার্ড কাউন্সিলর মোবারক আলী, ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা মো. আবুল হোসেন, প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা শেখ শফিকুল মন্নান ছিদ্দিকী, পরিচ্ছন্ন কর্মকর্তা

মোরশেদুল আলম চৌধুরী, শেখ হাসান রেজা সহ সংশ্লিষ্টরা নিজ নিজ ওয়ার্ডের কার্যক্রম সম্পর্কে মেয়রকে অবহিত করেন।

চট্টগ্রাম-৬ মার্চ ২০১৭ খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায়

ভ্রাম্যমান আদালত পরিচালিত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে নির্বাহী ম্যাজিস্ট্রেট সনজীদা শরমিন এর নেতৃত্বে ৬ মার্চ ২০১৭ খ্রি. সোমবার, সকালে চট্টগ্রাম মহানগর এলাকায় ভ্রাম্যমান আদালত পরিচালিত হয়। অভিযানকালে কোতোয়ালী থানাধীন পাথরঘাটাস্থ সিটি কর্পোরেশন মহিলা কলেজ ও সিটি কর্পোরেশন বালক উচ্চ বিদ্যালয় সংলগ্ন ব্রিকফিল্ড রোডের উভয় পাশের ফুটপাত ও নালার উপর থেকে অবৈধ ভাবে বসা শতাধিক ভাসমান দোকানপাট উচ্ছেদ করা হয়। একই অভিযানে সিরাজদ্দৌলা রোডে খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্য মিশ্রনের দায়ে ঢাকা বেঙ্গল সুইটসকে ২০ হাজার টাকা জরিমানা করা হয়।
অভিযানকালে স্থানীয় কাউন্সিলর মো. ইসমাইল বালি, সিটি কর্পোরেশনের সংশি¬ষ্ট বিভাগ সমূহের কর্মকর্তা/কর্মচারীগণ ও সিএমপি পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা করেন।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা